

**2016**  
**BENGALI**  
**[HONOURS]**  
**Paper : VIII**

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও :  $৭ \times ২ = ১৪$
- ক) 'আদাব' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- খ) "চলব না? শোনলা নি টাকার খাককাই তোমার বা-জানের!" — উক্তিটি কোন্ গল্পে কে, কাকে উদ্দেশ্য করে বলেছে?
- গ) "একটা জোলাপ দিলে হয় না?"  
— কে, কাকে উদ্দেশ্য করে এই উক্তিটি করেছে?
- ঘ) উদাহরণসহ ওড-এর সংজ্ঞা দাও।
- ঙ) 'আমাদের ভাষা সংকট' প্রবন্ধ অনুসরণে 'লৌকিক চুরি' ও 'সাহিত্যিক চুরি' বলতে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন?
- চ) দুজন আধুনিক যুগের বুমুর রচয়িতার নাম লেখো।
- ছ) টুসু গানের দুটি বৈশিষ্ট্য লেখো।

- জ) বাংলা ভাষায় রচয়িতাসহ দুটি ব্যক্তিগত প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
- ঝ) রোমান্টিসিজমের দুটি বৈশিষ্ট্য লেখো।
- ঞ) মেয়েলি ব্রতের শ্রেণিবিভাগ করো।

- ২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $৩ \times ৬ = ১৮$
- ক) ট্র্যাঙ্কেডির শ্রেণিবিভাগ করে সংক্ষেপে ট্র্যাঙ্কেডির বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।  $২+৪=৬$
- খ) 'বাংলার ব্রত' গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করে শাস্ত্রীয় ব্রত ও লৌকিক ব্রতের পার্থক্য নিরূপণ করো।  $১+৫=৬$
- গ) "এই ঘণ্টা-দুয়েকের অভিজ্ঞতায় সংসারে সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।" — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য বিচার করো।  $২+৪=৬$
- ঘ) সনেট কাকে বলে? পেত্রার্কীয় ও শেক্সপীয়রীয় সনেটের প্রধান প্রধান বৈশিষ্ট্য উল্লেখ করো।  $১+৫=৬$
- ঙ) সীমান্ত বাংলার ভাদু গানের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিপিবদ্ধ করো।  $৬$
- ৩। মোট চারটি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তরদান আবশ্যিক) :  $৪ \times ১২ = ৪৮$
- ক) 'লোকশিক্ষা' প্রবন্ধটি বঙ্কিমচন্দ্রের শিক্ষাভাবনার একটি নির্ভরযোগ্য দলিল — আলোচনা করো। 'লোকশিক্ষা' প্রবন্ধটি কোন্ পত্রিকায়, কোন্ সংখ্যায় প্রথম প্রকাশিত হয়?  $১০+২=১২$

- খ) বাংলার ব্রত সম্বন্ধে অবনীন্দ্রনাথ ঠাকুরের ধারণাটি পাঠ্য প্রবন্ধ অনুসরণে লেখো। ১২
- গ) 'আদাব' গল্পটি সাম্প্রদায়িক সম্প্রীতির একটি উজ্জ্বল দৃষ্টান্ত — আলোচনা করো। ১২
- ঘ) 'প্রাগৈতিহাসিক' গল্পের ভিখু চরিত্রটি বিশ্লেষণ করো। ১২
- ঙ) এপিক-এর সংজ্ঞা দিয়ে এপিকের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিপিবদ্ধ করো। ২+১০=১২
- চ) কমেডির সংজ্ঞা ও সাধারণ বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিপিবদ্ধ করো। ২+১০=১২
- ছ) বুঝুরের আদি যুগের রূপ ও বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিপিবদ্ধ করো। ১২
- জ) 'ছো' বলতে কী বোঝ? ছো-নাচে মুখোশ ব্যবহারের প্রয়োজনীয়তা আলোচনা করো। ২+১০=১২
- ৪। যে-কোনো একটি বিষয়ে নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো : ২০
- ক) রবীন্দ্রনাথের ছোটগল্প
- খ) রবীন্দ্রোত্তর বাংলা আধুনিক কবিতা
- গ) বাংলা নাটকে স্বদেশিকতা
- ঘ) মধ্যযুগের বাংলা কাব্যে নারী চরিত্র
- ঙ) উনিশ শতকে বাংলা গদ্যের বিবর্তন।